গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

# জুন ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : শাহ মোহাম্মদ মাহবুব, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

**তারিখ ও সময়** : ৩০ জুন ২০২৬ , সকাল: ১০.০০ ঘটিকা।

**স্থান** : পদ্মা সভাকক্ষ, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | ৩০ জুন ২০২৬ তারিখে বিগত মে/২০২৬ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপিত হয় এবং এর ৯.২, ১০.১ ও ১৬.২ নম্বর সিদ্ধান্তের বিষয়ে পর্যালোচনা করা হয়। | বিগত মে ২০২৬ মাসের সভার ৯.২, ১০.১ এবং ১৬.২ নম্বর সিদ্ধান্ত সংশোধনসহ মে, ২০২৬ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২ | বাজেট ও ইকোনমিক কোড ব্যবস্থাপনা | ১৬টি অফিস ক্যাটাগরির অর্থনৈতিক কোড সৃজনের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনা করা হয়। | নিয়মিত ফলোআপ করে দ্রুত কোড সৃজনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং<br>উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ৩ | অভ্যন্তরীণ ও প্রশাসনিক ব্যবস্থা (অডিট) | উপপরিচালক (বাজেট ও অর্থ) জানান যে, মে ২০২৬ মাসের সিদ্ধান্ত অনুযায়ী অবশিষ্ট ৩টি বিভাগীয় সমাজসেবা কার্যালয় হতে অডিট আপত্তির লিখিত প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনগুলো সমন্বিত করে দ্রুত নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩.১ প্রাপ্ত সকল অডিট আপত্তির প্রতিবেদনগুলো সমন্বিত করে দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩.২ অডিট আপত্তির সার্বিক অগ্রগতি ও নিষ্পত্তির প্রতিবেদন প্রতি মাসের সমন্বয় সভায় নিয়মিত উপস্থাপন করতে হবে।<br>৩.৩ অডিট সংক্রান্ত বিষয়ে জাতীয় সমাজসেবা একাডেমিতে একটি বিশেষ ট্রেনিংয়ের আয়োজন করতে হবে। | সকল বিভাগীয় পরিচালক এবং উপপরিচালক (বাজেট ও অর্থ) |
| ৪ | ই-জিপি (e-GP) ও কেনাকাটা ব্যবস্থাপনা | ৪টি ব্যাচে আনুমানিক ১০০ জন কর্মকর্তার টিওটি (ToT) প্রশিক্ষণ প্রদানের অগ্রগতি ও ই-জিপি বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | জুলাই ২০২৬ হতে বাধ্যতামূলক ই-জিপি কার্যকর করার লক্ষ্যে, ToT প্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তার ই-জিপি বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ দ্রুত নিশ্চিত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি |
| ৫ | আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ | আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের নিমিত্ত গঠিত টেন্ডার কমিটির কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। | ৫.১ ২০২৫-২০২৬ অর্থবছরের সিদ্ধান্ত অনুযায়ী আউটসোর্সিং টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে জনবল নিয়োগের ব্যবস্থা নিতে হবে।<br>৫.২ ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য মাঠ পর্যায় থেকে আউটসোর্সিং জনবলের চাহিদা ও তথ্য | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সহকারী পরিচালক (প্রশাসন-২) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | সংগ্রহ করে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে। | |
| ৬ | জেলা সমাজসেবা কমপ্লেক্সের SOP প্রণয়ন | ৪ সদস্যের কমিটি কর্তৃক জেলা কমপ্লেক্সের রুম ও অডিটোরিয়াম ভাড়ার আদলে তৈরি খসড়া নীতিমালা/SOP সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত খসড়া নীতিমালাটি যথাযথভাবে পর্যালোচনাপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য দ্রুত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৭ | জেলা সমাজসেবা কমপ্লেক্স, লালমনিরহাট হস্তান্তর | লালমনিরহাট জেলা কমপ্লেক্সের বাথরুম, লিফট ও পানি নিষ্কাশন সমস্যার সমাধান এবং PWD-এর তালিকায় অন্তর্ভুক্তির অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | ৭.১ লালমনিরহাটের অবশিষ্ট ত্রুটিসমূহ দ্রুত সমাধান করে ভবনটি বুঝে নেওয়ার কাজ সম্পন্ন করতে হবে।<br>৭.২ সংশ্লিষ্ট জেলা কমপ্লেক্সগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য PWD-এর সাথে দাপ্তরিক পত্রের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং সকল বিভাগীয় পরিচালক<br>সংশ্লিষ্ট উপপরিচালক |
| ৮ | জেলা কমপ্লেক্সে ডে কেয়ার সেন্টার প্রদান | মাননীয় মন্ত্রী সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জেলা সমাজসেবা কমপ্লেক্স রংপুরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিকট ডে কেয়ার সেন্টার স্থাপনের জন্য রুম বরাদ্দ দেয়া হয়েছে। অবশিষ্ট ২১টি জেলা কমপ্লেক্সেও একই ব্যবস্থা নেওয়ার বিষয়ে আলোচনা হয়। | রংপুর জেলা কমপ্লেক্সের অনুরূপ অবশিষ্ট ২১টি জেলা সমাজসেবা কমপ্লেক্সেও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ডে কেয়ার সেন্টার স্থাপনের জন্য কক্ষ বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৯ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম | রোগীকল্যাণ সমিতির আওতায় দাতাদের উৎসাহিতকরণ, সোনালী ব্যাংকের সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার এবং নতুন সমিতি গঠন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৯.১ রোগীকল্যাণ সমিতিতে দান, অনুদান ও যাকাত প্রদানকারী সর্বোচ্চ দাতা ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ক্যাটাগরি অনুযায়ী 'Appreciation Letter' ও 'Crest' প্রদান করতে হবে।<br>৯.২ কেন্দ্রীয়ভাবে পৃথক সফটওয়্যার তৈরি এবং Payment Gateway তৈরির জন্য সোনালী ব্যাংকের সাথে সমঝোতা স্মারক (MoU) সম্পাদন করতে হবে।<br>৯.৩ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিটিভি এবং বিভিন্ন বেসরকারি চ্যানেলে রোগীকল্যাণ সমিতিতে দান-অনুদান ও যাকাত প্রদান করার বিষয়টি ব্যাপকভাবে প্রচার ও প্রচারণা করতে হবে।<br>৯.৪ যেসকল সরকারি হাসপাতালে এখনও রোগীকল্যাণ সমিতি নেই, মাঠ পর্যায় থেকে ছক মোতাবেক তাদের তালিকা দ্রুত সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (কার্যক্রম) এবং সকল বিভাগীয় পরিচালক |
| ১০ | প্রবেশন কার্যক্রম ও জনবল সংকট ব্যবস্থাপনা | পরিচালক (কার্যক্রম) জানান, জেলখানায় বা কারামুক্তির পর কয়েদিদের পুনর্বাসনের জন্য 'অপরাধী সংশোধন ও পুনর্বাসন | ১০.১ "অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির" আওতায় প্রাপ্ত অর্থ মুক্তিপ্রাপ্ত কয়েদিদের মাঝে নীতিমালা অনুযায়ী | পরিচালক (কার্যক্রম) এবং পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমিতি' কাজ করে। দেশের জেলাখানাগুলোতে প্রবেশন কর্মকর্তাদের তত্ত্বাবধানে বন্দীদের শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ এবং মুক্তির পর সমাজে পুনর্বাসনের জন্য অর্থ প্রদান করা হয়। 'অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি' তে যে অর্থ রয়েছে তা নীতিমালা অনুযায়ী বিতরণ এবং যে সকল সমিতিতে অর্থ নেই সে সকল সমিতিতে অর্থ সংগ্রহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>প্রবেশন অফিসারদের শূন্যপদ পূরণ, অতিরিক্ত দায়িত্ব বণ্টন নিয়ে আলোচনা করা হয়। | বিতরণ ও অনুদান সংগ্রহের বিষয়ে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br><br>১০.২ প্রবেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত রাখতে শূন্য পদে প্রবেশন অফিসার নিয়োগ অথবা দায়িত্বপ্রাপ্ত সমাজসেবা কর্মকর্তা (রেজি:)-কে প্রবেশন অফিসারের মূল দায়িত্ব দিয়ে সমাজসেবা কর্মকর্তা (নিবন্ধন)-এর অতিরিক্ত দায়িত্ব প্রদানের প্রেরিত পত্রের (১৭/০৫/২০২৬ খ্রি.) আলোকে দ্রুত ব্যবস্থা নিতে হবে। | |
| ১১ | ভাতা বিতরণ ও পে-রোল ব্যবস্থাপনা | পবিত্র ঈদুল আযহা (২০২৬)-এর পূর্বে সামাজিক নিরাপত্তা কর্মসূচির ৪র্থ কিস্তির ভাতা বিতরণ পরিস্থিতি এবং এনআইডি/ফিঙ্গারপ্রিন্টজনিত জটিলতা নিয়ে আলোচনা হয়। | ১১.১ ৪র্থ কিস্তিসহ ১ম, ২য় ও ৩য় কিস্তির প্রায় ৯৯.৫% পে-রোল বিতরণ সম্পন্ন হয়েছে, অবশিষ্ট অংশ ও ৪র্থ কিস্তির শতভাগ বিতরণ নিশ্চিত করতে হবে।<br>১১.২ যেসকল জেলায় ভাতা বিতরণ কম হয়েছে, তা ছক আকারে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে।<br>১১.৩ ভাতা বিতরণের সমস্যাসমূহ চিহ্নিত করে 'SWOT Analysis' পূর্বক ১০ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>১১.৪ ফিঙ্গারপ্রিন্ট বা এনআইডি সমস্যার ক্ষেত্রে সরাসরি মাঠ পর্যায়ে যোগাযোগের মাধ্যমে দ্রুত সমাধান করতে হবে। প্রয়োজনে BTRC-এর সাথে যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা) এবং সকল বিভাগীয় পরিচালক |
| ১২ | ৬টি দূরারোগ্য ব্যাধির আর্থিক সহায়তা কার্যক্রম | ক্যান্সার, কিডনিসহ ৬টি দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত রোগীদের মাঝে বরাদ্দকৃত অর্থ বিতরণ ও আবেদন প্রক্রিয়া সহজীকরণ নিয়ে পর্যালোচনা করা হয়। | ১২.১ বরাদ্দকৃত অর্থ বিতরণের চূড়ান্ত ও বিস্তারিত প্রতিবেদন আগামী ৭ জুলাই ২০২৬ এর মধ্যে প্রেরণ করতে হবে।<br><br>১২.২ বিভিন্ন ভাতার অনলাইন আবেদন ফরম সহজীকরণের জন্য এ সংশ্লিষ্টদের নিয়ে যাচাই বাছাইপূর্বক খসড়া চূড়ান্ত ফরম অনুমোদনের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা) এবং সকল বিভাগীয় পরিচালক |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | ১২.৩ উপজেলা পর্যায়ে টাকা প্রেরণের প্রস্তাবনা এবং নীতিমালা অনুযায়ী নির্দিষ্ট রোগ ছাড়াও যেমন: জন্মগত হৃদরোগ এর পরিবর্তে হৃদরোগ , স্ট্রোকে প্যারালাইজড এর পরিবর্তে প্যারালাইজড, হিমোফিলিয়া ইত্যাদি রোগের সংশোধিত প্রস্তাব প্রেরণ করতে হবে। | |
| ১৩ | ক্ষুদ্রঋণ কার্যক্রম | আরএসএস, আরএমসি ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রমের ঋণের উর্ধ্বসীমা ১ লক্ষ টাকায় উন্নীতকরণ এবং ঋণ আদায় জোরদারকরণের বিষয়ে আলোচনা হয়। | ঋণের উর্ধ্বসীমা বৃদ্ধির প্রস্তাবটি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগ করতে হবে এবং পিছিয়ে পড়া ১৪টি জেলায় ঋণ আদায়ের হার ন্যূনতম ৯০%-এ উন্নীত করার জন্য তদারকি জোরদার করতে হবে। | পরিচালক (কার্যক্রম) ও সকল বিভাগীয় পরিচালক |
| ১৪ | প্রশিক্ষণ ও পেশাগত দক্ষতা উন্নয়ন | ‘ট্রেনিং নিডস অ্যাসেসমেন্ট’ (TNA) ওয়ার্কশপের রূপরেখা এবং Capacity Building-এর জন্য Unicef-এর সাথে যোগাযোগ নিয়ে আলোচনা করা হয়। | ১৪.১ প্রণীত ওয়ার্কশপের রূপরেখা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>১৪.২ মাঠ পর্যায় থেকে Capacity Building Development-এর জন্য অনলাইনে ‘ট্রেনিং নিডস অ্যাসেসমেন্ট’ (TNA) এর প্রয়োজনীয় তথ্যাদি দ্রুত সংগ্রহ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৫ | ডিজিটাল ডাটাবেস ও জেমস (GEMS) | কেন্দ্রীয় 'GEMS' সফটওয়্যার এবং অধিদপ্তরের নিজস্ব 'HRMS'-এ কর্মকর্তা-কর্মচারীদের তথ্য আপলোড ও নিয়মিত হালনাগাদের অগ্রগতি পর্যালোচনা হয়। | ১৫.১ বিভাগওয়ারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে যেসকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য এখনও আপলোড করা হয়নি, তা দ্রুত সম্পন্ন করে ডাটাবেস ১০০% হালনাগাদ নিশ্চিত করতে হবে।<br>১৫.২ HRM Softwareটি সক্রিয় করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সকল বিভাগীয় পরিচালক |
| ১৬ | জাতীয় সমাজসেবা একাডেমি | প্রশিক্ষণ কাযক্রমের গুনগত মান উন্নয়নের জন্য Resource Pool গঠনের নিমিত্ত বিস্তারিত আলোচনা হয়। | নতুন প্রশিক্ষক প্রশিক্ষণের মাধ্যমে এবং অভিজ্ঞ ট্রেনারদের রিফ্রেশার প্রশিক্ষণের মাধ্যমে একটি দক্ষ Resource Pool তৈরি করতে হবে। | অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি |
| ১৭ | অনগ্রসর জনগোষ্ঠীর প্রশিক্ষণ | অনগ্রসর জনগোষ্ঠীর প্রশিক্ষণ কার্যক্রম অনলাইনে না নিয়ে মাঠ পর্যায়ে সরাসরি প্রশিক্ষণ পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়। | অনগ্রসর জনগোষ্ঠীর প্রশিক্ষণ কার্যক্রম সরাসরি পরিচালনা করতে হবে। | পরিচালক (সামাজিক নিরাপত্তা) |
| ১৮ | GPMS ব্যবস্থাপনা | GPMS-এ ৩ বছর মেয়াদী খসড়া পরিকল্পনা ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের পর পরবর্তী করণীয় নির্ধারণ। | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত প্রতিবেদনের (প্রমাণকসহ) সমন্বিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (এপিএ ও ইনোভেশন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৯ | ফ্যামিলি কার্ড কার্যক্রম | ফ্যামিলি কার্ডের পেরোল, শ্রীমঙ্গল-মৌলভীবাজারে সফলভাবে বিতরণ, নতুন উইং তৈরির প্রস্তাব, এবং আগামী ১ আগস্ট ২০২৬ থেকে শুরু হতে যাওয়া দেশব্যাপী নতুন পরিকল্পনায় জরিপ কার্যক্রম নিয়ে আলোচনা হয়। জরিপ কার্যক্রম শুরুর পূর্বে প্রয়োজনীয় জনবল নিয়োগ। এছাড়াও ফ্যামিলি কার্ড বিষয়ে কোন তথ্য মাঠ পর্যায় থেকে সংগ্রহ করতে হলে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের অনুমতি গ্রহনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় | ১৯.১ চলমান পেরোল কার্যক্রমের ধারা বজায় রাখতে হবে এবং ফ্যামিলি কার্ড উইং তৈরির প্রস্তাবটি নিয়মিত ফলোআপ করতে হবে ।<br>১৯.২ জরিপ কার্যক্রম শুরুর পূর্বে প্রয়োজনীয় জনবল নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া মাঠ পর্যায়ের কোনো তথ্য প্রদান করা যাবে না।<br>১৯.৩ নেত্রকোণা জেলার কমলাকান্দা উপজেলার লেংগুরা ইউনিয়ন এর অনুরুপ ফেনী জেলার ফুলগাজী উপজেলার ফুলগাজী ইউনিয়নের MIS ওপেন করে দিতে হবে যেন সংশ্লিষ্ট কর্মকর্তা ডাটা এডিট করতে পারেন। | পরিচালক (সামাজিক নিরাপত্তা) এবং পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ২০ | নির্বাচনী ইশতেহার ও ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা | সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মপরিকল্পনা এবং মাননীয় মন্ত্রীর নির্দেশনায় জনবল সম্পর্কিত ৩ দিনের ওয়ার্কশপের ভিত্তিতে তৈরীকৃত ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের প্রেক্ষিতে অধিদপ্তরের নিজস্ব কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়। | ২০.১ নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মপরিকল্পনা সুচারুভাবে বাস্তবায়ন করতে হবে এবং নিয়মিত প্রতিবেদন দিতে হবে।<br>২০.২ ত্রিবার্ষিক পরিকল্পনার অধিশাখা ভিত্তিক অগ্রগতি নিয়মিত প্রেরণ করতে হবে। | সকল পরিচালক |
| ২১ | বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন | সমাজসেবা অধিদপ্তরের 'বার্ষিক কর্মপরিকল্পনা' প্রণয়নের উদ্দেশ্যে উপযুক্ত ভেন্যু নির্ধারণের জন্য বিস্তারিত আলোচনা হয়। | সমাজসেবা অধিদপ্তরের 'বার্ষিক কর্মপরিকল্পনা' প্রণয়নের উদ্দেশ্যে উপযুক্ত ভেন্যু নির্ধারণের জন্য উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)-কে দায়িত্ব প্রদান করা হয়। | উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) |
| ২২ | 'শান্তি নিবাস | 'শান্তি নিবাস' চালুর লক্ষ্যে জনবল নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৮টি বিভাগে 'শান্তি নিবাস' চালুর লক্ষ্যে অনুমোদিত পদের বিপরীতে জনবল নিয়োগের প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে । | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২৩ | স্বেচ্ছাসেবী সংস্থার রেজিষ্ট্রেশন ব্যবস্থাপনা | সারাদেশে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এ যাবৎ নিবন্ধিত প্রায় ৭২,০০০টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার ডাটা ও তথ্য সংরক্ষণের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয় । | নিবন্ধনকৃত সংস্থাসমূহের যাবতীয় তথ্যাদি সঠিকভাবে ও ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের জন্য একটি সুনির্দিষ্ট সফটওয়্যার প্রস্তুত/প্রণয়ন করতে হবে। | পরিচালক (কার্যক্রম) এবং উপপরিচালক (নিবন্ধন ও নিবন্ধন) |
| ২৪ | সরকারি প্রতিষ্ঠান ব্যবস্থাপনা (শিশু পরিবার) | সরকারি শিশু পরিবারের নিবাসীদের আর্ট প্রতিযোগিতা, পুনর্বাসিত নিবাসীদের তথ্য সংগ্রহ, বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুত, কৃত্রিম অঙ্গের চাহিদা এবং সাইবার বুলিং প্রতিরোধ নিয়ে আলোচনা হয় । | ২৪.১ মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সকল শিশু পরিবারে নিবাসীদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের জন্য পত্র জারি করতে হবে । | পরিচালক (প্রতিষ্ঠান) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | ২৪.২ পুনর্বাসিত নিবাসীদের তথ্য, প্রতিটি আবাসিক প্রতিষ্ঠানের বার্ষিক ক্যালেন্ডার প্রণয়ন এবং সাইবার বুলিং প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ২৫ | ছোটমনি নিবাস | ছোটমনি নিবাসের শিশুরা প্রায়ই নানাবিধ রোগে আক্রান্ত হয়। মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী অসুস্থ শিশুদের শিশু হাসপাতাল শ্যামলী, ঢাকাতে চিকিৎসা নেয়ার পরামর্শ দিয়েছেন এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ছোটমনি নিবাসের অসুস্থ শিশুদের চিকিৎসার জন্য শিশু হাসপাতাল ,শ্যামলী, ঢাকা এর সাথে সমাজসেবা অধিদপ্তরের সমঝোতা স্মারক এবং অন্যান্য প্রতিষ্ঠানের নিবাসীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে খসড়া সমঝোতা স্মারক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রতিষ্ঠান) ও উপপরিচালক(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) |
| ২৬ | শিশু পরিবার নির্মাণ প্রকল্পসমূহ | ১৮টি শিশু পরিবার ও বেবি হোম নির্মাণ কাজের ধীরগতি বিশেষ করে চট্টগ্রাম ২টি, খাগড়াছড়ি, নোয়াখালী, ফেনী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, রংপুর, ঠাকুরগাঁও,বরিশাল, পিরোজপুর, বগুড়া, গাইবান্ধা, রাজশাহীর বাগেরহাট, কুষ্টিয়া, মৌলভীবাজার(শ্রীমঙ্গল) ও মৌলভীবাজার নিবাসীদের অবস্থান সংক্রান্ত সমস্যা নিয়ে আলোচনা হয়। | কাজের গতি বাড়াতে সংশ্লিষ্ট বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালকগণকে পরবর্তী পিআইসি (PIC) সভায় অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২৭ | বদলি ও পদায়ন নীতিমালা | অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের বদলি ও পদায়নের সার্বিক প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রস্তাবিত বদলি ও পদায়ন নীতিমালার সর্বশেষ অগ্রগতি ও খসড়া পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২৮ | আইনজীবী নিয়োগ | সমাজসেবা অধিদপ্তরের বিভিন্ন মামলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আইনজীবী নিয়োগের বিষয়ে আলোচনা হয়। | প্রচলিত সরকারি বিধি বিধান ও নিয়ম অনুসরণ করে দ্রুত আইনজীবী (ল ইয়ার) নিয়োগ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সহকারী পরিচালক(আইন কর্মকর্তা) |

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Mahbub
৯/৭/২৫

শাহ মোহাম্মদ মাহবুব
মহাপরিচালক
ও
সভাপতি
সমাজসেবা অধিদপ্তর

নম্বর: ৪১.০১.০০০০.০০০.০২০.০৬.০০০২.২৪.৬৮৯ তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৫. জাতীয় প্রকল্প পরিচালক, চাইল্ড সেনসিটিভ সোস্যাল প্রটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৬. কর্মসূচি পরিচালক, সমন্বিত শিশু প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র/প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, সরকারি শিশু পরিবার ও ছোটমনি নিবাস নির্মাণ/পুনঃনির্মাণ শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, ISO-5।
৯. অতিরিক্ত পরিচালক (সকল), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর/জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা।
১১. উপপরিচালক/সমমান (সকল),.............................................।
১২. মহাব্যবস্থাপক (সকল), এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ।
১৩. তত্ত্বাবধায়ক, শিশু উন্নয়ন কেন্দ্র, টঙ্গী/গাজীপুর/যশোর।
১৪. দপ্তর প্রশাসক, ডি-নথি সিস্টেম, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
১৫. সহকারী পরিচালক/সমমান (সকল)..................................................................।
১৬. জনাব.......................................................................... ।

০৯/০৭/২৬


(মোহাম্মদ রেজাউর রহমান)
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন +880255006759
ই-মেইল: dd.pub@dss.gov.bd